# Go fast for targeted FTAs

## Economists, business leaders urge govt as LDC graduation looms

STAR BUSINESS REPORT

Bangladesh should begin negotiating Free Trade Agreements (FTAs) with selected partners and blocs without delay to protect market preferences before its graduation from the least developed country club next year, according to economists and business leaders.

Besides, they called for stronger policies and greater private-sector involvement in managing intellectual property rights, which will be a major issue after graduation.

"FTAs are essential for Bangladesh to protect its market access. So, negotiations should prioritise sectors where there is a risk of losing access," said MA Razzaque, chairman of the Research and Policy Integration for Development (RAPID), at a roundtable in Dhaka yesterday.

The economist advocated against signing deals that bring little benefit.

"We should not sign FTAs with countries like Singapore or others where we do not actually need," said the RAPID chairman at the event titled "Intellectual Property and Trade Transition Challenges: Best Approaches for Local Industries of Bangladesh".

Apart from FTA talks, Razzaque called for stronger domestic readiness. "Our protected industries must be promoted internally, efficiency must be increased, and our policies must be forward-looking."

Fahmida Khatun, executive director of local think tank Centre for Policy Dialogue (CPD), said trade dynamics are shifting.

"Global trade is reversing fast, and domestic politics and geopolitics are now shaping policies more than economics. Free trade once drove welfare, human development, GDP growth, and jobs. But those gains are now being rolled back. The WTO is weakening, while plurilateral and bilateral agreements are taking over."

READ MORE ON B3

DHAKA SUNDAY AUGUST 17, 2025
BHADRA 2, 1432 BS
The Daily Star

FROM PAGE B1

Fahmida cautioned against viewing FTAs as a cure-all. Simply signing an FTA does not guarantee success.

"In trade, countries do not get what they deserve; they get what they can negotiate. Our challenge is not only negotiation capacity but also what we are willing and able to offer."

She urged graduating least developed nations to build alliances and pressed for affordable support to help small ventures with trademarks, branding and awareness.

Mostafa Abid Khan, senior fellow at Policy Research Institute of Bangladesh, said the narrow export basket of the country is a stumbling block for signing FTAs.

He said ten products account for 60 percent of earnings, leaving Bangladesh with fewer gains from FTAs.

"Negotiations, which usually take years, should therefore focus on resolving the most pressing issues," Khan added.

M Masrur Reaz, chairman of Policy Exchange Bangladesh, underlined the need to strike a balance.

He said, "For Bangladesh, it is important to sustain the economic base as well as prosperity to take advantage of the global value chain at a time when the domestic economy is growing."

According to the economist, Bangladesh needs to strengthen institutions and private-sector capacity to translate its graduation into economic benefits.

He believes the country has no option but to pursue deeper global integration and attract investment, including foreign direct investment.

The dialogue was organised by the Bangladesh Chamber of Industries (BCI).

Its President Anwar-ul Alam Parvez said many manufacturers in the private sector would prefer graduation to be delayed. "But graduation cannot be avoided."

"After graduation, government revenue will drop because tariffs must be reduced," said the BCI president. On the other hand, he said, FTA signing will result in reduced import duties.

"Not only will the government lose revenue, but the packaging, cement, and polybag industries could collapse. If revenues decline, development spending will slow."

Parvez said bank interest rates are currently high, and foreign borrowing costs have also risen.

"We do not even know if we will have access to external funding in the future. If policies are not designed accordingly, the future will indeed be difficult," he commented.

At the event, Sanya Reid Smith, senior researcher and legal advisor at Third World Network, presented findings on intellectual property and trade transition, outlining ways for Bangladeshi industries to cope with the shift.

Among others, Abdul Hai Sarker, chairman of the Bangladesh Association of Banks; Md Anwar Hossain, vice chairman of the Export Promotion Bureau; and Kamran T Rahman, president of the Metropolitan Chamber of Commerce and Industry, Dhaka; also spoke.

Sunday • August 17, 2025 •

THE FINANCIAL EXPRESS

Substituting preferential market access after LDC graduation

# Pick potential countries, regions forthwith for deals on free trade

FE REPORT

Bangladesh should pick priorities of negotiation and countries or regions signing free-trade agreement (FTA) with which can reap maximum benefits after graduation when the country is destined to lose existing preferential market access.

Economists and experts suggest this priority action, also prodding the government for undertaking measures to raise awareness about intellectual property rights (IPR) and make effective policy engaging private sector in this regard to help draw private investment -- both local and foreign -- to help in export diversification and job generation.

The recommendations for the must-dos came at a roundtable on 'Intellectual Property and Trade Transition Challenges: Best Approaches for Local Industries of Bangladesh' organised by Bangladesh Chamber of Industry (BCI) at its office in Dhaka.

Anwar-Ul-Alam Chowdhury, president of BCI, presided over the meet where Sanya Reid Smith, senior consultant at Third World Network, made a presentation on FTA, bilateral, regional agreements, and the impact of IP.

Speakers note that signing FTA and its spinoff itself are ambiguous in nature as outcomes depend on negotiations and the benefits offered.

For free-trade deals, the country needs to reduce tariffs on imports, which cut government revenues. So, they have suggested developing specific strategy on such agreements for win-win trade transaction.

Speaking at the roundtable, Mostafa Abid Khan, component manager 1 (SSGP) at ERD and senior fellow at the Policy Research Institute of Bangladesh, termed limited export basket a "major challenge towards signing FTA as 60 per cent of the country's total export earnings come from 10 products."

"Instead of denying the challenges of FTA which takes three to four years of negotiation due to its tricky issues, it is imperative to identify the areas or issues that need to be addressed and take measures accordingly," he suggests.

Explaining the need for signing FTA, Dr MA Razzaque, chairman of Research and Policy Integration for Development (RAPID), said Bangladesh will lose market access to some countries and its priority should be to engage with negotiations with those counties or regions so that it can sustain the market benefits there.

Talking over GSP-plus benefits in the European Union (EU) after least-developed country (LDC) graduation, he said Bangladeshi-made readymade garments will not get duty benefit under the GSP-plus scheme due to its safeguard measures.

"So Bangladesh's top-most priority should be to get engaged with the EU right now to get the safeguard measures relaxed," he said, adding that the new EU GSP regimes, that also include the safeguard measures, will be effective from 2027.

And if the country does not start negotiations right now, it would be difficult to get the waiver when the new regimes come into effect.


Terming IP protection one of the most 'significant concerns' after graduation, he said until 2029, Bangladesh wouldn't be liable to provide IP protection for the medicines that are already available in markets, but problems might arise thereafter.

He, however, suggests raising competitiveness of local products, saying that protectionist system does not make industry competitive rather harm the consumers most.

Dr Fahmida Khatun, executive director of the Centre for Policy Dialogue, noted that free trade was the driving force behind global welfare, human development, GDP growth, and employment.

"But we now see a retreat from those gains. For many countries, dominance is determined not only by economic strength

| SEE PAGE 7 COL 6



| FROM PAGE 1 COL 8

but also by geopolitical positioning. This shift will likely become even more decisive in the future, with purely economic benefits no longer the sole determining factor," she told the meet.

Countries like Bangladesh face significant challenges because of limited scientific and technological capacity and relatively small markets, she said, adding that some nations have already called for extending the pharmaceutical waiver to 2032 or 2033 to ensure access to affordable medicines.

Bangladesh, compared to other LDCs, has made good use of these flexibilities, though more could have been achieved.

She has suggested, among others, development-oriented approaches to building own intellectual capacity and fostering innovation.

"By focusing on trademarks and branding, we can reduce some compliance pressures while strengthening product marketability."

Dr M Masrur Reaz, chairman and CEO of Policy Exchange Bangladesh, said there are always tradeoffs in economic decisions and the tradeoff for countries is determined by the strategies to address those tradeoffs based on priorities.

For Bangladesh, it is important to sustain the economic base as well as prosperity to take advantage of global value chain at a time when the domestic economy is growing, he said.

To move for next level of economic-growth point and development, he said employment and global value -chain participation become critical for Bangladesh mainly to sustain its export-led growth with diversification and bringing more private investment.

"Despite tradeoffs, Bangladesh has no choice but to go for greater economic integration with the global community and bringing investment, including FDI."

Talking over IPR, he said Bangladesh has lots to gain from strengthening IPR both in terms of diversifying export and bringing foreign and local investments in emerging sectors like digital economy and for SMEs.

*Munni_fe@yahoo.com*



শনিবার রাজধানীর তেজগাঁওয়ে বাংলাদেশ চেম্বার অব ইন্ডাস্ট্রিজের কার্যালয়ে মেধাস্বত্ব নিয়ে আয়োজিত এক সেমিনারে চেম্বারের সভাপতি আনোয়ার-উল আলম চৌধুরী, সিপিডির নির্বাহী পরিচালক ড. ফাহমিদা খাতুনসহ বক্তারা ■ সমকাল

# এলডিসি থেকে দেশের উত্তরণে মেধাস্বত্ব নিয়ে দুশ্চিন্তা বেশি

■ সমকাল প্রতিবেদক

এলডিসি থেকে উত্তরণের পর রপ্তানি খাত সমস্যায় পড়ার পাশাপাশি বড় ধরনের চ্যালেঞ্জের মুখে পড়তে পারে ওষুধশিল্প। ওষুধশিল্পের ওপর মেধাস্বত্ব বিধিবিধান আরও কড়াকড়ি হবে। এতে ওষুধের দাম বেড়ে যেতে পারে। একই সঙ্গে সফটওয়্যার, বইসহ বিভিন্ন পণ্যের কপিরাইট ইস্যুতে বাড়তি টাকা খরচ হবে। মেধাস্বত্ব নিয়েই দুশ্চিন্তা বেশি।

গতকাল শনিবার 'মেধাসম্পদ এবং বাণিজ্য রূপান্তরের চ্যালেঞ্জ: স্থানীয় শিল্পের জন্য সর্বোত্তম কৌশল' শীর্ষক এক সেমিনারে এসব কথা বলেন বক্তারা। গতকাল শনিবার রাজধানীর তেজগাঁওয়ে নিজস্ব কার্যালয়ে এ আলোচনার আয়োজন করে বাংলাদেশ চেম্বার অব ইন্ডাস্ট্রিজ (বিসিআই)। সংগঠনের সভাপতি আনোয়ার-উল আলম চৌধুরী (পারভেজ) এতে সভাপতিত্ব করেন।

সেমিনারে গবেষণা সংস্থা সিপিডির নির্বাহী পরিচালক ড. ফাহমিদা খাতুন বলেন, উন্নত দেশগুলোর নিজস্ব ও ভূরাজনৈতিক ইস্যু বাণিজ্যের ওপর প্রভাব ফেলছে। এর ফলে সময়ে সময়ে সংরক্ষণশীল বাণিজ্য ভীতি তৈরি হচ্ছে। ডব্লিউটিও দিন দিন দুর্বল হয়ে যাচ্ছে। সম্প্রতি বিভিন্ন দেশের ওপর আরোপ করা যুক্তরাষ্ট্রের শুল্ক সব নিয়ম-নীতি পরিবর্তন করে দিয়েছে। এ চ্যালেঞ্জ মোকাবিলায় বহুপক্ষীয় বাণিজ্যের বাইরে গিয়ে কিছু দেশ জোটবদ্ধভাবে এবং দ্বিপক্ষীয় বাণিজ্য করছে। বিভিন্ন দেশ এখন মুক্ত বাণিজ্য চুক্তি (এফটিএ) করছে। তবে এফটিএ করলেই যে খুব সুবিধা হবে, তা নয়। এর সুফল নির্ভর করে দরকষাকষির সক্ষমতার ওপর।

তিনি আরও বলেন, এলডিসি হিসেবে ওষুধশিল্পের মেধাস্বত্ববিষয়ক ডব্লিউটিওর বিধিবিধানে ২০৩৩ সাল

## বাংলাদেশ চেম্বারের সেমিনার

> ২০৩৩ সাল পর্যন্ত ওষুধশিল্পের মেধাস্বত্বে ছাড় অব্যাহত রাখার চেষ্টা করতে হবে
>
> ড. ফাহমিদা খাতুন
> নির্বাহী পরিচালক, সিপিডি

পর্যন্ত বাংলাদেশের ছাড় পাওয়ার কথা। তবে এলডিসি থেকে বের হয়ে গেলে এ সুবিধা থাকবে না। এতে করে ওষুধের দাম বেড়ে যেতে পারে। তাই এলডিসি থেকে উত্তরণের পর ছাড় অব্যাহত রাখার চেষ্টা করতে হবে।

বাংলাদেশ ট্রেড অ্যান্ড ট্যারিফ কমিশনের সাবেক সদস্য ড. মোস্তফা আবিদ খান বলেন, এলডিসি উত্তরণের ফলে রপ্তানিতে যে চ্যালেঞ্জ আসবে, তা মোকাবিলা কঠিন হবে না। তবে মূলত সমস্যা হবে মেধাস্বত্বের ক্ষেত্রে। উত্তরণের পর ওষুধের দাম বাড়বে। একই সঙ্গে কপিরাইট ইস্যুতে সফটওয়্যার, বইসহ বেশ কিছু ক্ষেত্রে বাড়তি দাম দিতে হবে। এগুলো কীভাবে মোকাবিলা করা যায়, সেদিকে নজর দিতে হবে।

গবেষণা সংস্থা র‍্যাপিডের চেয়ারম্যান ড. আব্দুর রাজ্জাক বলেন, সরকার রাজস্বের ২৭ শতাংশ আহরণ করে আমদানি শুল্ক থেকে। এফটিএ করলে এ খাত থেকে রাজস্ব কমে যাবে। এ অবস্থায় প্রয়োজন যৌক্তিকতার ভিত্তিতে এফটিএ কৌশল নির্ধারণ।

পলিসি এক্সচেঞ্জ বাংলাদেশের চেয়ারম্যান ড. মাসরুর রিয়াজ বলেন, বাংলাদেশের রপ্তানির ভিত্তি মজবুত রাখতে পণ্য ও বাজারের বৈচিত্র্য দরকার। কর্মসংস্থান বাড়াতে বেসরকারি বিনিয়োগ বাড়াতে হবে। ডিজিটাল অর্থনীতি এবং এসএমইর মতো খাতে বিনিয়োগ বাড়ালে কর্মসংস্থান বৃদ্ধিতে সহায়তা করবে।

আনোয়ার-উল আলম চৌধুরী বলেন, এলডিসি উত্তরণ পেছানোর জন্য ব্যবসায়ীদের পক্ষ থেকে বলা হচ্ছে। কারণ জোর করে এলডিসি উত্তরণের কারণে বিভিন্ন দেশের সঙ্গে এফটিএ করতে হচ্ছে। আমদানি শুল্ক কমে যাওয়ায় সরকার রাজস্ব হারাবে। শুল্ক কমানোর ফলে প্যাকেজিং, সিমেন্টসহ বেশ কিছু শিল্প বসে যাবে। তিনি বলেন, বাংলাদেশে ব্যবসা পরিচালন ব্যয় বেশি। এর অন্যতম কারণ সুদহার বেশি। এর সঙ্গে চট্টগ্রাম বন্দরে ওয়্যারহাউস ব্যয় প্রায় চার গুণ বাড়ানো হয়েছে। ব্যাংক খাতে খেলাপি ঋণ বেশি হওয়ায় আগামীতে বিদেশি ব্যাংকগুলো এলসি নেবে কিনা, তাও চিন্তার কারণ হয়ে দাঁড়িয়েছে।

মূল প্রবন্ধে থার্ড ওয়ার্ল্ড নেটওয়ার্কের জ্যেষ্ঠ পরামর্শক সানিয়া রিড স্মিথ বলেন, এলডিসি থাকার কারণে বর্তমানে ওষুধশিল্পে মেধাস্বত্বের বিধিনিষেধ ছাড়াই নতুন ওষুধ উৎপাদন ও রপ্তানি সম্ভব হচ্ছে। উত্তরণের পর এসব ওষুধের ওপর পেটেন্ট বাধ্যতামূলক হবে, ফলে বিনিয়োগ কমতে পারে।

বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষের (বিডা) বিজনেস ডেভেলপমেন্ট প্রধান নাহিয়ান রহমান রোচি বলেন, এলডিসি থেকে উত্তরণের পর এ ক্ষেত্রে ১০ থেকে ১৫ শতাংশ শুল্ক প্রযোজ্য হবে। এ চ্যালেঞ্জ মোকাবিলা করতে এফটিএ, পিটিএসহ অন্যান্য দ্বিপক্ষীয় চুক্তি করার প্রস্তুতি নিতে হবে। এ জন্য এফটিএ কৌশল গ্রহণ করতে হবে।

আরও বক্তব্য দেন মেট্রোপলিটন চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রির (এমসিসিআই) সভাপতি কামরান টি রহমান, বাংলাদেশ অ্যাসোসিয়েশন অব ব্যাংকসের (বিএবি) সভাপতি আব্দুল হাই সরকার প্রমুখ।

বণিকবার্তা রোববার, আগস্ট ১৭, ২০২৫ ■ ভাদ্র ২, ১৪৩২

## বিসিআইয়ের গোলটেবিল বৈঠকে বক্তারা

# যখনই এলডিসি গ্র্যাজুয়েশন হোক প্রস্তুতি এখনই নিতে হবে



বিসিআই আয়োজিত গোলটেবিল বৈঠকে অতিথিরা ছবি : বিসিআই

**নিজস্ব প্রতিবেদক ■**

এলডিসি গ্র্যাজুয়েশনের শুরুতেই শিল্প খাতে ধাক্কা আসবে। তবে যখনই গ্র্যাজুয়েশন হোক না কেন, তার প্রস্তুতি এখনই নিতে হবে। বাংলাদেশ চেম্বার অব ইন্ডাস্ট্রিজ (বিসিআই) আয়োজিত 'মেধাস্বত্ব ও বাণিজ্যিক পরিবর্তনের চ্যালেঞ্জ: বাংলাদেশের স্থানীয় শিল্পের সর্বোত্তম কৌশল' শীর্ষক এক গোলটেবিল বৈঠকে গতকাল এ পরামর্শ দেন বক্তারা।

অনুষ্ঠানে বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষের (বিডা) ব্যবসা উন্নয়ন বিভাগের প্রধান নাহিয়ান রহমান রকি বলেন, 'এলডিসি গ্র্যাজুয়েশন যখনই করি না কেন এফটিএ ও পারস্পরিক চুক্তির জন্য এখনই প্রস্তুত হতে হবে। এফটিএর জন্য আলোচনা চালিয়ে যেতে হবে। এখানে ব্যর্থতার পাশাপাশি অগ্রাধিকারের বিষয়টিও থাকবে। কখনই আমরা শতভাগ জিততে পারব না। কিন্তু বিশ্বকে দেখতে হবে, কোন কোন দেশ ও কোন ব্যবসায়িক ব্লকের সঙ্গে অগ্রাধিকারের ভিত্তিতে কাজ করব তা নির্ধারণ করতে হবে। প্রস্তুতি না নিলে বারবার গ্র্যাজুয়েশন পিছিয়েও কোনো ফল আসবে না।'

সিপিডির নির্বাহী পরিচালক ফাহমিদা খাতুন বলেন, 'মুক্ত বাণিজ্য নীতি থেকে পৃথিবী সরে এসেছে। বিশ্বের রাজনৈতিক পরিস্থিতি এখন জটিল। বিশেষ করে উন্নত বা পরাশক্তিগুলোর অভ্যন্তরীণ ও ভূরাজনৈতিক প্রভাব এখন বিশ্ব বাণিজ্যে পড়ছে। ফলে সময়ে সময়ে সংরক্ষণশীল বাণিজ্য নীতি প্রবর্তন হচ্ছে। এসব পদক্ষেপ যতটা না অর্থনৈতিক তার চেয়ে বেশি ভূরাজনৈতিক। ভবিষ্যতে এটি আরো বেশি দৃশ্যমান হবে। মুক্ত বাণিজ্য নীতিতে সব দেশই উপকৃত হয়েছিল। কিন্তু এই ব্যবস্থা ধীরে ধীরে দুর্বল হয়ে গেছে। উন্নত দেশগুলো ভূরাজনৈতিক দ্বন্দ্বে এই নীতির উল্টোপথে বৈশ্বিক বাণিজ্য চলতে শুরু করেছে।'




তিনি বলেন, 'মেধাস্বত্ব অধিকারের বাণিজ্য-সম্পর্কিত দিক নিয়ে আন্তর্জাতিকভাবে স্বাক্ষরিত ট্রিপস চুক্তির ৬৬.২-এ বলা আছে উন্নত দেশগুলো প্রযুক্তি শেয়ার করবে। কিন্তু এখানে কোনো অগ্রগতি হয়নি। আমরা সরাসরি বিদেশী বিনিয়োগের (এফডিআই) কথা বলছি। কারণ এর মাধ্যমে মূলধন আসে। কিন্তু এর সঙ্গে প্রযুক্তির শেয়ারেরও কথা ছিল। এফডিআই আসলেও শেষ পর্যন্ত উন্নত দেশগুলো প্রযুক্তি শেয়ার করে না। যেটি স্বল্পোন্নত দেশগুলোর জন্য বড় চ্যালেঞ্জ। এ নিয়ে সবাইকে কাজ করতে হবে।'

সিপিডির নির্বাহী পরিচালক আরো বলেন, 'স্বল্পোন্নত দেশ থেকে উন্নয়নশীল দেশে যাওয়ার জন্য তিনটি সূচক নির্ধারিত আছে। এর সঙ্গে প্রযুক্তি, উদ্ভাবন ও সক্ষমতাও যোগ করা দরকার। কারণ প্রযুক্তি ও উদ্ভাবন হলো অগ্রগতির মূল উপাদান। কোনো দেশের প্রযুক্তিগত সক্ষমতা না থাকলে সেই দেশ অগ্রগতি করতে পারবে না।'

বিসিআই সভাপতি আনোয়ার উল আলম চৌধুরী বলেন, 'এলডিসি গ্র্যাজুয়েশনের কারণে আমরা এফটিএ করছি। এটি করতে গেলে আমদানি ট্যারিফ কমাতে হবে। এর ফলে দেশীয় অনেক শিল্প বিপদে পড়বে। সরকারের রাজস্ব কমবে, ফলে দেশের উন্নয়নের গতি শ্লথ হয়ে যাবে।' ট্যারিফ বেশি হওয়ার কারণেই পলিমার, সিমেন্ট, প্যাকেজিং ইন্ডাস্ট্রিজের মতো অনেক শিল্প টিকে আছে বলেও মন্তব্য করেন তিনি।

আলোচনায় মূল প্রবন্ধ উপস্থাপন করেন থার্ড ওয়ার্ল্ড নেটওয়ার্কের আইন পরামর্শক ও জ্যেষ্ঠ গবেষক সানিয়া রেইড স্মিথ এবং মেধাস্বত্ব বিষয়ক পরামর্শক ও আইনজীবী অ্যাডভোকেট তাসলিমা জাহান। এ সময় আরো বক্তব্য দেন পলিসি এক্সচেঞ্জ বাংলাদেশের চেয়ারম্যান মাসরুর রিয়াজ, অর্থনৈতিক সম্পর্ক বিভাগের সাপোর্ট টু সাসটেইনেবল গ্র্যাজুয়েশন প্রকল্পের সিএম ড. মোস্তফা আবিদ খান, রিসার্চ অ্যান্ড পলিসি ইন্টিগ্রেশন ফর ডেভেলপমেন্টের (র‍্যাপিড) চেয়ারম্যান ড. মোহাম্মদ আব্দুর রাজ্জাক, রপ্তানি উন্নয়ন ব্যুরোর (ইপিবি) ভাইস চেয়ারম্যান আনোয়ার হোসেন, মেট্রোপলিটন চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রির (এমসিসিআই) সভাপতি কামরান টি রহমান, বাংলাদেশ অ্যাসোসিয়েশন অব ব্যাংকসের (বিএবি) সভাপতি আব্দুল হাই সরকার, বাংলাদেশ রিকন্ডিশন্ড ভেহিকলস ইমপোর্টার্স অ্যান্ড ডিলারস অ্যাসোসিয়েশনের (বারভিডা) সভাপতি আব্দুল হক।

দৈনিক ইত্তেফাক
রবিবার
২ ভাদ্র ১৪৩২, ১৭ আগস্ট ২০২৫

বিসিআইয়ের গোলটেবিল বৈঠকে বক্তারা

# এলডিসি উত্তরণে চ্যালেঞ্জ মোকাবিলায় আঞ্চলিক মুক্ত বাণিজ্য চুক্তি জরুরি



ইত্তেফাক রিপোর্ট

স্বল্পোন্নত দেশের তালিকা থেকে উত্তরণে বা এলডিসি গ্র্যাজুয়েশনে গেলে শুরুতে দেশের শিল্প খাতে ধাক্কা আসবে। তবে যখনই বাংলাদেশ গ্র্যাজুয়েশনে যাক না কেন, এখনই তার প্রস্তুতি নিতে হবে। শনিবার বাংলাদেশ চেম্বার অব ইন্ডাস্ট্রিজ (বিসিআই) আয়োজিত 'মেধাস্বত্ব ও বাণিজ্যিক পরিবর্তনের চ্যালেঞ্জ : বাংলাদেশের স্থানীয় শিল্পের সর্বোত্তম কৌশল' শীর্ষক এক গোলটেবিল বৈঠকে এ পরামর্শ দেন বক্তারা। সিপিডির নির্বাহী পরিচালক ড. ফাহমিদা খাতুন বলেন, মুক্ত বাণিজ্য নীতি থেকে পৃথিবী সরে এসেছে। বিশ্বের রাজনৈতিক পরিস্থিতি এখন জটিল। বিশেষ করে উন্নত বা পরাশক্তি দেশগুলোর অভ্যন্তরীণ ও ভূ-রাজনৈতিক প্রভাব এখন বাণিজ্যে পড়ছে। ফলে সময়ে সময়ে সংরক্ষণশীল বাণিজ্য নীতিগুলো প্রবর্তন হচ্ছে। এসব পদক্ষেপ যতটা না অর্থনৈতিক তার চেয়ে বেশি ভূ-রাজনৈতিক। ভবিষ্যতে এটি আরো বেশি দৃশ্যমান হবে। মুক্ত বাণিজ্য নীতিতে সব দেশই উপকৃত হয়েছিল। কিন্তু এই ব্যবস্থা ধীরে ধীরে দুর্বল হয়ে গেছে। উন্নত দেশগুলো ভূ-রাজনৈতিক দ্বন্দ্বে এই নীতির উলটোপথে বৈশ্বিক বাণিজ্য চলতে শুরু করেছে। তিনি আরো বলেন, মেধাস্বত্ব অধিকারের বাণিজ্য-সম্পর্কিত দিক নিয়ে আন্তর্জাতিকভাবে স্বাক্ষরিত ট্রিপস চুক্তির ৬৬.২-এ বলা আছে, উন্নত দেশগুলো প্রযুক্তি শেয়ার করবে। কিন্তু এখানে কোনো অগ্রগতি হয়নি। আমরা সরাসরি বিদেশি বিনিয়োগের (এফডিআই) কথা বলছি। কারণ এর মাধ্যমে মূলধন আসে। কিন্তু এর সঙ্গে প্রযুক্তির শেয়ারেরও কথা ছিল। তবে এফডিআই এলেও শেষ পর্যন্ত উন্নত দেশগুলো প্রযুক্তি শেয়ার করে না। যেটি স্বল্পোন্নত দেশগুলোর জন্য বড় চ্যালেঞ্জ। এ নিয়ে সবাইকে কাজ করতে হবে।

এলডিসি গ্র্যাজুয়েশন নিয়ে ফাহমিদা খাতুন বলেন, স্বল্পোন্নত দেশ থেকে উন্নয়নশীল দেশে যাওয়ার জন্য তিনটি সূচক নির্ধারিত আছে। এর সঙ্গে প্রযুক্তি, উদ্ভাবন এবং সক্ষমতাও যোগ করা দরকার। কারণ প্রযুক্তি ও উদ্ভাবন হলো অগ্রগতির মূল উপাদান। কোনো দেশের প্রযুক্তিগত সক্ষমতা না থাকলে সেই দেশ অগ্রগতি করতে পারবে না। যে দেশ প্রযুক্তিতে যত বেশি এগিয়ে, জাতি হিসেবে তারাই বেশি উন্নতি করছে।

এ সময় বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষের (বিডা) ব্যবসা উন্নয়ন বিভাগের প্রধান নাহিয়ান রহমান বলেন, আমাদের এখনই প্রস্তুত হতে হবে। এলডিসি গ্র্যাজুয়েশন যখনই করি না কেন, এফটিএ এবং পারস্পরিক চুক্তির জন্য এখনই প্রস্তুত হতে হবে। এফটিএর জন্য আলোচনা চালিয়ে যেতে হবে। এখানে ব্যর্থতার পাশাপাশি আমাদের অগ্রাধিকারের বিষয়টিও থাকবে। কখনোই আমরা শতভাগ জিততে পারব না। বিশ্বকে দেখতে হবে। কোন কোন দেশ এবং কোনো ব্যাবসায়িক ব্লকের সঙ্গে অগ্রাধিকারের ভিত্তিতে কাজ করব তা নির্ধারণ করতে হবে। প্রস্তুতি না নিলে বারবার গ্র্যাজুয়েশন পিছিয়েও কোনো ফল আসবে না।

অনুষ্ঠানে সভাপতিত্ব করেন বিসিআই সভাপতি আনোয়ার উল আলম চৌধুরী। তিনি বলেন, এলডিসি গ্র্যাজুয়েশনের কারণে আমরা এফটিএ করছি। এটি করতে গেলে আমদানি ট্যারিফ কমাতে হবে। আর আমদানি ট্যারিফ কমলে দেশীয় অনেক শিল্প বিপদে পড়বে। সরকারের শুধু রাজস্ব কমবে এমন নয়, সেই সঙ্গে দেশের শিল্পও বসে যাবে। ট্যারিফ বেশি হওয়ার কারণে পলিমার, সিমেন্ট, প্যাকেজিং ইন্ডাস্ট্রিজের মতো অনেক শিল্প টিকে আছে। আবার সরকারের রাজস্ব কমে গেলে দেশের উন্নয়নের গতি শ্লথ হয়ে যাবে।

গোলটেবিল আলোচনায় মূল প্রবন্ধ উপস্থাপন করেন থার্ড ওয়ার্ল্ড নেটওয়ার্কের আইন পরামর্শক ও জ্যেষ্ঠ গবেষক সানিয়া রেইড স্মিথ এবং মেধাস্বত্ববিষয়ক পরামর্শক ও আইনজীবী অ্যাডভোকেট তাসলিমা জাহান।

এ সময় অন্যদের মধ্যে বক্তৃতা দেন পলিসি এক্সচেঞ্জ বাংলাদেশের চেয়ারম্যান মাসরুর রিয়াজ, অর্থনৈতিক সম্পর্ক বিভাগের সাপোর্ট টু সাসটেইনেবল গ্র্যাজুয়েশন প্রোজেক্টের সিএম ড. মোস্তফা আবিদ খান, রিসার্চ অ্যান্ড পলিসি ইন্টিগ্রেশন ফর ডেভেলপমেন্টের (র‍্যাপিড) চেয়ারম্যান ড. মোহাম্মদ আব্দুর রাজ্জাক, রপ্তানি উন্নয়ন ব্যুরোর ভাইস চেয়ারম্যান আনোয়ার হোসেন, মেট্রোপলিটন চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রির (এমসিসিআই) সভাপতি কামরান টি. রহমান, বাংলাদেশ অ্যাসোসিয়েশন অব ব্যাংকসের (বিএবি) সভাপতি আব্দুল হাই সরকার এবং বাংলাদেশ রিকন্ডিশনড ভিইকলস ইমপোর্টার্স অ্যান্ড ডিলারস অ্যাসোসিয়েশনের (বারভিডা) সভাপতি আব্দুল হক।

রবিবার । ১৭ আগস্ট ২০২৫ । ২ ভাদ্র ১৪৩২

নতুন ধারার দৈনিক
আমাদের সময়

### গোলটেবিল আলোচনায় বক্তারা

# এফটিএর জন্য প্রয়োজন দরকষাকষির কৌশল

**নিজস্ব প্রতিবেদক ●**

বাংলাদেশের বাণিজ্য ও বিনিয়োগ বাড়ানোর অন্যতম প্রধান বাধা হলো মুক্তবাণিজ্য চুক্তির (এফটিএ) অনুপস্থিতি। এ ক্ষেত্রে দরকষাকষির সুনির্দিষ্ট কৌশল দরকার। এমনটাই মনে করছেন বিশেষজ্ঞরা। গতকাল শনিবার বাংলাদেশ চেম্বার অব ইন্ডাস্ট্রিজ (বিসিআই) আয়োজিত 'ইন্টেলেকচুয়াল প্রোপার্টি ও ট্রেড ট্রানজিশন চ্যালেঞ্জেস: বেস্ট অ্যাপ্রোচেস ফর লোকাল ইন্ডাস্ট্রি অব বাংলাদেশ' শীর্ষক গোলটেবিল আলোচনায় তারা এমন অভিমত ব্যক্ত করেন।

আলোচনায় বক্তারা বলেন, বর্তমানে বিভিন্ন দেশের নিজস্ব সুরক্ষানীতি ও বাণিজ্যিক প্রতিবন্ধকতার কারণে বৈশ্বিক বাণিজ্য চ্যালেঞ্জের মুখে পড়ছে। এমন পরিস্থিতিতে কয়েকটি বা দুটি দেশ পারস্পরিক সহযোগিতা বাড়িয়ে অর্থনৈতিক অগ্রগতি ধরে রাখতে পারে। সেক্ষেত্রে চ্যালেঞ্জ মোকাবিলায় আঞ্চলিক এফটিএ জরুরি।

গবেষণা প্রতিষ্ঠান সেন্টার ফর পলিসি ডায়ালগের (সিপিডি) নির্বাহী পরিচালক ফাহমিদা খাতুন বলেন, আগে বিশ্ববাণিজ্য থেকে সুফল পেয়েছে দুর্বল দেশগুলো। কিন্তু এখন ক্ষমতাশালী দেশ বাণিজ্যে প্রভাব ফেলছে, জটিল করে তুলছে। সবাই রক্ষণশীল বাণিজ্যনীতি নিচ্ছে। এটা দিন দিন আরও বাড়বে। এ কারণে ভবিষ্যতে এফটিএ করে দুই দেশ বা কয়েকটি দেশ ব্যবসা-বাণিজ্য করতে হবে। সে জন্য আমাদের নেগোসিয়েশনের দক্ষতা আরও বাড়াতে হবে। বিসিআই সভাপতি আনোয়ার-উল আলম চৌধুরী পারভেজ বলেন, নতুন শুল্ক আরোপের ঘোষণার পর এখন ক্ষমতাধর আরও দেশ এমন নিজস্ব সুরক্ষার কথা ভাবতে পারে। সে ক্ষেত্রে বাংলাদেশের অবস্থান কী হবে- সেটা পরিষ্কার করে পলিসি নিতে হবে। কোন কোন দেশের সঙ্গে আমাদের টেকসই ব্যবসা সম্ভব, সেটা ভেবে এফটিএ পরিকল্পনা করতে হবে। রিসার্চ অ্যান্ড পলিসি ইন্টিগ্রেশন ফর ডেভেলপমেন্টের (র‍্যাপিড) চেয়ারম্যান মোহাম্মদ আব্দুর রাজ্জাক বলেন, এফটিএ নিয়ে আমাদের কোনো পলিসি নেই। কোথায় আমরা চুক্তি করব, কোথায় যাব না সেটা স্পষ্ট নয়। অনেক ক্ষেত্রে এফটিএ উল্টো সরকারের রাজস্ব কমিয়ে ফেলে। এটাও ভেবে দেখতে হবে।

আলোচনাসভায় আরও বক্তব্য দেন পলিসি এক্সচেঞ্জ বাংলাদেশের চেয়ারম্যান ড. মাশরুর রিয়াজ, ট্যারিফ কমিশনের সাবেক সদস্য ড. মোস্তফা আবিদ খান, মেট্রোপলিটন চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রির (এমসিসিআই) সভাপতি কামরান তানভিরুর রহমান প্রমুখ।

দেশ রূপান্তর রবিবার, ১৭ আগস্ট ২০২৫, ২ ভাদ্র ১৪৩২

# মুক্ত বাণিজ্য চুক্তির জন্য দরকষাকষি দরকার

নিজস্ব প্রতিবেদক

বাংলাদেশের বাণিজ্য ও বিনিয়োগ বাড়ানোর অন্যতম প্রধান বাধা হলো মুক্ত বাণিজ্য চুক্তির (এফটিএ) অনুপস্থিতি। এ ক্ষেত্রে বাংলাদেশের সুনির্দিষ্ট কোনো পরিকল্পনা নেই। এফটিএ চুক্তির জন্য সুনির্দিষ্ট দরকষাকষির কৌশল দরকার। গতকাল শনিবার বাংলাদেশ চেম্বার অব ইন্ডাস্ট্রিজ (বিসিআই) আয়োজিত 'ইন্টেলেকচুয়াল প্রোপার্টি ও ট্রেড ট্রানজিশন চ্যালেঞ্জেস : বেস্ট অ্যাপ্রোচেস ফর লোকাল ইন্ডাস্ট্রি অব বাংলাদেশ' শীর্ষক গোলটেবিল আলোচনায় এ কথা বলেন বক্তারা।

বক্তারা বলেন, বর্তমানে বিভিন্ন দেশের নিজস্ব সুরক্ষা নীতি ও বাণিজ্যিক প্রতিবন্ধকতার কারণে বৈশ্বিক বাণিজ্য চ্যালেঞ্জের মুখে পড়ছে। এমন পরিস্থিতিতে কয়েকটি বা দুটি দেশ পারস্পরিক সহযোগিতা বাড়িয়ে অর্থনৈতিক অগ্রগতি ধরে রাখতে পারে।

## আলোচনা সভায় বক্তারা

সে ক্ষেত্রে চ্যালেঞ্জ মোকাবিলায় আঞ্চলিক মুক্ত বাণিজ্য চুক্তি (এফটিএ) জরুরি।

অনুষ্ঠানের সভাপতি বিসিআই প্রেসিডেন্ট আনোয়ার-উল আলম চৌধুরী (পারভেজ) বলেন, নতুন শুল্ক আরোপের ঘোষণার পরে এখন ক্ষমতাধর আরও দেশ এমন নিজস্ব সুরক্ষার কথা ভাবতে পারে। সে ক্ষেত্রে বাংলাদেশের অবস্থান কী হবে সেটা পরিষ্কার করে পলিসি নিতে হবে। আমাদের কোন কোন দেশের সঙ্গে টেকসই ব্যবসা সম্ভব সেটা ভেবে এফটিএ পরিকল্পনা করতে হবে।

গবেষণা প্রতিষ্ঠান সেন্টার ফর পলিসি ডায়লগের (সিপিডি) নির্বাহী পরিচালক ফাহমিদা খাতুন বলেন, আগে বিশ্ববাণিজ্য থেকে সুফল পেয়েছে দুর্বল দেশগুলো। কিন্তু এখন ক্ষমতাশালী দেশ বাণিজ্যে প্রভাব ফেলছে, জটিল করে তুলছে। সবাই রক্ষণশীল বাণিজ্যনীতি নিচ্ছে। এটা আরও দিনদিন বাড়বে। যে কারণে ভবিষ্যতে এফটিএ করে দুই দেশ বা কয়েকটি দেশের সঙ্গে ব্যবসা-বাণিজ্য করতে হবে। সেজন্য আমাদের নেগোসিয়েশনের দক্ষতা আরও বাড়াতে হবে।

রিসার্চ অ্যান্ড পলিসি ইন্টিগ্রেশন ফর ডেভেলপমেন্টের (র‍্যাপিড) চেয়ারম্যান মোহাম্মদ আব্দুর রাজ্জাক বলেন, এফটিএ নিয়ে আমাদের কোনো পলিসি নেই। কোথায় আমরা চুক্তি করব, কোথায় যাব না সেটা স্পষ্ট নয়। অনেক ক্ষেত্রে এফটিএ সরকারের রাজস্ব কমায়, সেটাও ভেবে দেখতে হবে।

আলোচনা সভায় আরও বক্তব্য দেন পলিসি এক্সচেঞ্জ বাংলাদেশের চেয়ারম্যান ড. মাশরুর রিয়াজ, ট্যারিফ কমিশনের সাবেক সদস্য ড. মোস্তফা আবিদ খান, মেট্রোপলিটন চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রির (এমসিসিআই) সভাপতি কামরান তানভিরুর রহমান প্রমুখ।

মানবজমিন

ঢাকা, ১৭ আগস্ট ২০২৫, রবিবার, ২ ভাদ্র ১৪৩২ বঙ্গাব্দ, ২২ সফর ১৪৪৭ হিঃ



অর্থ-বাণিজ্য

# বাংলাদেশের বাণিজ্য-বিনিয়োগে বড় বাধা এফটিএ'র অনুপস্থিতি: গোলটেবিল আলোচনায় বিশ্লেষকরা

অর্থনৈতিক রিপোর্টার

(১৪ ঘণ্টা আগে) ১৬ আগস্ট ২০২৫, শনিবার, ৯:৩২ অপরাহ্ণ

বাংলাদেশের বাণিজ্য ও বিনিয়োগ বাড়ানোর অন্যতম প্রধান বাধা মুক্তবাণিজ্য চুক্তি (এফটিএ)-র অনুপস্থিতি বলে মত দিয়েছেন অর্থনীতি ও শিল্প খাত সংশ্লিষ্ট বিশেষজ্ঞরা। তারা বলছেন, এ ক্ষেত্রে বাংলাদেশের কোনো সুনির্দিষ্ট পরিকল্পনা বা দরকষাকষির কৌশল নেই, যা দেশের শিল্প ও বাণিজ্যের জন্য ভবিষ্যতে বড় চ্যালেঞ্জ হয়ে দাঁড়াতে পারে।

UNIBOTS




শনিবার বাংলাদেশ চেম্বার অব ইন্ডাস্ট্রিজ (বিসিআই) আয়োজিত 'ইন্টেলেকচুয়াল প্রোপার্টি ও ট্রেড ট্রানজিশন চ্যালেঞ্জেস: বেস্ট অ্যাপ্রোচেস ফর লোকাল ইন্ডাস্ট্রি অব বাংলাদেশ' শীর্ষক এক গোলটেবিল আলোচনায় এই মত উঠে আসে।

বক্তারা বলেন, বৈশ্বিক বাণিজ্যে এখন রক্ষণশীলতা ও সুরক্ষা নীতির প্রভাব স্পষ্ট। এই পরিস্থিতিতে দেশগুলোর মধ্যে দ্বিপাক্ষিক বা আঞ্চলিক সহযোগিতা ছাড়া এগিয়ে যাওয়া কঠিন। তাই এফটিএ জরুরি, তবে তা হতে হবে সুপরিকল্পিত ও টেকসই কাঠামোর মধ্যে।

আনোয়ার-উল আলম চৌধুরী (পারভেজ) বলেন, "নতুন শুল্ক আরোপের ঘোষণা আসার পরে অনেক ক্ষমতাধর দেশ নিজেদের সুরক্ষা নীতির দিকে যাচ্ছে। আমাদের কী অবস্থান হবে, তা পরিষ্কার করে নীতিমালা নিতে হবে। কাদের সঙ্গে টেকসই বাণিজ্য করা সম্ভব তা নির্ধারণ করে এফটিএ পরিকল্পনা করতে হবে।"

সিপিডির নির্বাহী পরিচালক ফাহমিদা খাতুন বলেন, "আগে দুর্বল দেশগুলো বৈশ্বিক বাণিজ্য থেকে সুফল পেত। কিন্তু এখন ক্ষমতাশালী দেশগুলোর প্রভাব বেড়েছে। রক্ষণশীল বাণিজ্যনীতি বাড়ছে। তাই এখন এফটিএ করেই ব্যবসা করতে হবে। এজন্য আমাদের নেগোশিয়েশন স্কিল বাড়াতে হবে।"

মোহাম্মদ আব্দুর রাজ্জাক বলেন, "বাংলাদেশের এফটিএ নিয়ে এখনো কোনো পলিসি নেই। কোথায় চুক্তি করব আর কোথায় করব না, তা স্পষ্ট নয়। আবার অনেক ক্ষেত্রে এফটিএ করলে সরকারের রাজস্ব কমে যায়, এটিও চিন্তার বিষয়।"

আলোচনায় আরও অংশ নেন- পলিসি এক্সচেঞ্জ বাংলাদেশের চেয়ারম্যান ড. মাশরুর রিয়াজ, ট্যারিফ কমিশনের সাবেক সদস্য ড. মোস্তফা আবিদ খান, এমসিসিআই সভাপতি কামরান তানভিরুর রহমান প্রমুখ।

বক্তারা আরও বলেন, দেশের স্থানীয় শিল্পকে বাঁচাতে এবং আন্তর্জাতিক প্রতিযোগিতায় টিকে থাকতে হলে পরিকল্পিত মুক্তবাণিজ্য চুক্তি ও কৌশলগত নীতি গ্রহণ জরুরি।

Jagonews24.com
বস্তুনিষ্ঠ সংবাদের অনলাইন ঠিকানা

আলোচনায় বক্তারা

# মুক্ত বাণিজ্য চুক্তির জন্য দরকষাকষির কৌশল দরকার

জ্যেষ্ঠ প্রতিবেদক

প্রকাশিত: ০৭:৫৫ পিএম, ১৬ আগস্ট ২০২৫



*গোলটেবিল আলোচনা/ছবি: সংগৃহীত*

বাংলাদেশের বাণিজ্য ও বিনিয়োগ বাড়ানোর অন্যতম প্রধান বাধা হলো মুক্তবাণিজ্য চুক্তির (এফটিএ) অনুপস্থিতি। এক্ষেত্রে বাংলাদেশের সুনির্দিষ্ট কোনো পরিকল্পনা নেই। এফটিএ চুক্তির জন্য সুনির্দিষ্ট দরকষাকষির কৌশল দরকার।

NEW

শনিবার (১৬ আগস্ট) বাংলাদেশ চেম্বার অব ইন্ডাস্ট্রিজ (বিসিআই) আয়োজিত 'ইন্টেলেকচুয়াল প্রোপার্টি ও ট্রেড ট্রানজিশন চ্যালেঞ্জেস: বেস্ট অ্যাপ্রোচেস ফর লোকাল ইন্ডাস্ট্রি অব বাংলাদেশ' শীর্ষক গোলটেবিল আলোচনায় এ কথা বলেন বক্তারা।

বক্তারা বলেন, বর্তমানে বিভিন্ন দেশের নিজস্ব সুরক্ষা নীতি ও বাণিজ্যিক প্রতিবন্ধকতার কারণে বৈশ্বিক বাণিজ্য চ্যালেঞ্জের মুখে পড়ছে। এমন পরিস্থিতিতে কয়েকটি বা দুটি দেশ পারস্পরিক সহযোগিতা বাড়িয়ে অর্থনৈতিক অগ্রগতি ধরে রাখতে পারে। সেক্ষেত্রে চ্যালেঞ্জ মোকাবিলায় আঞ্চলিক মুক্ত বাণিজ্য চুক্তি (এফটিএ) জরুরি।

অনুষ্ঠানের সভাপতি বিসিআই সভাপতি আনোয়ার-উল আলম চৌধুরী (পারভেজ) বলেন, নতুন শুল্ক আরোপের ঘোষণার পরে এখন ক্ষমতাধর আরও দেশ এমন নিজস্ব সুরক্ষার কথা ভাবতে পারে। সে ক্ষেত্রে বাংলাদেশের অবস্থান কী হবে সেটা পরিষ্কার করে পলিসি নিতে হবে। আমাদের কোন কোন দেশের সঙ্গে টেকসই ব্যবসা সম্ভব সেটা ভেবে এফটিএ পরিকল্পনা করতে হবে।

গবেষণা প্রতিষ্ঠান সেন্টার ফর পলিসি ডায়ালগের (সিপিডি) নির্বাহী পরিচালক ফাহমিদা খাতুন বলেন, আগে বিশ্ববাণিজ্য থেকে সুফল পেয়েছে দুর্বল দেশগুলো। কিন্তু এখন ক্ষমতাশালী দেশ বাণিজ্যে প্রভাব ফেলছে, জটিল করে তুলছে। সবাই রক্ষণশীল বাণিজ্যনীতি নিচ্ছে। এটা আরও দিনদিন বাড়বে। যে কারণে ভবিষ্যতে এফটিএ করে দুই দেশ বা কয়েকটি দেশ ব্যবসা-বাণিজ্য করতে হবে। সেজন্য আমাদের নেগোসিয়েশনের দক্ষতা আরও বাড়াতে হবে।

রিসার্চ অ্যান্ড পলিসি ইন্টিগ্রেশন ফর ডেভেলপমেন্টের (র‍্যাপিড) চেয়ারম্যান মোহাম্মদ আব্দুর রাজ্জাক বলেন, এফটিএ নিয়ে আমাদের কোনো পলিসি নেই। কোথায়

NEW

আমরা চুক্তি করবো, কোথায় যাবো না সেটা স্পষ্ট নয়। অনেক ক্ষেত্রে এফটিএ সরকারের রাজস্ব কমায়, সেটাও ভেবে দেখতে হবে।

আলোচনা সভায় আরও বক্তব্য দেন পলিসি এক্সচেঞ্জ বাংলাদেশের চেয়ারম্যান ড. মাশরুর রিয়াজ, ট্যারিফ কমিশনের সাবেক সদস্য ড. মোস্তফা আবিদ খান, মেট্রোপলিটন চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রির (এমসিসিআই) সভাপতি কামরান তানভিরুর রহমান প্রমুখ।

*এনএইচ/এমএএইচ/জেআইএম*

NEW

গোলটেবিল আলোচনায় বক্তারা

# মুক্ত বাণিজ্য চুক্তির জন্য দরকষাকষির কৌশল দরকার

বাণিজ্য, দেশ টিভি

১৬ আগস্ট ২০২৫, ২১:৪৯



ছবি: সংগৃহীত

বাংলাদেশের বাণিজ্য ও বিনিয়োগ বাড়ানোর অন্যতম প্রধান বাধা হলো মুক্তবাণিজ্য চুক্তির (এফটিএ) অনুপস্থিতি। এক্ষেত্রে বাংলাদেশের সুনির্দিষ্ট কোনো পরিকল্পনা নেই। এফটিএ চুক্তির জন্য সুনির্দিষ্ট দরকষাকষির কৌশল দরকার।

শনিবার (১৬ আগস্ট) বাংলাদেশ চেম্বার অব ইন্ডাস্ট্রিজ (বিসিআই) আয়োজিত 'ইন্টেলেকচুয়াল প্রোপার্টি ও ট্রেড ট্রানজিশন চ্যালেঞ্জেস: বেস্ট অ্যাপ্রোচেস ফর লোকাল ইন্ডাস্ট্রি অব বাংলাদেশ' শীর্ষক গোলটেবিল আলোচনায় এ কথা বলেন বক্তারা।

বক্তারা বলেন, বর্তমানে বিভিন্ন দেশের নিজস্ব সুরক্ষা নীতি ও বাণিজ্যিক প্রতিবন্ধকতার কারণে বৈশ্বিক বাণিজ্য চ্যালেঞ্জের মুখে পড়ছে। এমন পরিস্থিতিতে কয়েকটি বা দুটি দেশ পারস্পরিক সহযোগিতা বাড়িয়ে অর্থনৈতিক অগ্রগতি ধরে রাখতে পারে। সেক্ষেত্রে চ্যালেঞ্জ মোকাবিলায় আঞ্চলিক মুক্ত বাণিজ্য চুক্তি (এফটিএ) জরুরি।

অনুষ্ঠানের সভাপতি বিসিআই সভাপতি আনোয়ার-উল আলম চৌধুরী (পারভেজ) বলেন, নতুন শুল্ক আরোপের ঘোষণার পরে এখন ক্ষমতাধর আরও দেশ এমন নিজস্ব সুরক্ষার কথা ভাবতে পারে। সে ক্ষেত্রে বাংলাদেশের অবস্থান কী হবে সেটা পরিষ্কার করে পলিসি নিতে হবে। আমাদের কোন কোন দেশের সঙ্গে টেকসই ব্যবসা সম্ভব সেটা ভেবে এফটিএ পরিকল্পনা করতে হবে।

গবেষণা প্রতিষ্ঠান সেন্টার ফর পলিসি ডায়ালগের (সিপিডি) নির্বাহী পরিচালক ফাহমিদা খাতুন বলেন, আগে বিশ্ববাণিজ্য থেকে সুফল পেয়েছে দুর্বল দেশগুলো। কিন্তু এখন ক্ষমতাশালী দেশ বাণিজ্যে প্রভাব ফেলছে, জটিল করে তুলছে। সবাই রক্ষণশীল বাণিজ্যনীতি নিচ্ছে। এটা আরও দিনদিন বাড়বে। যে কারণে ভবিষ্যতে এফটিএ করে দুই দেশ বা কয়েকটি দেশ ব্যবসা-বাণিজ্য করতে হবে। সেজন্য আমাদের নেগোসিয়েশনের দক্ষতা আরও বাড়াতে হবে।


## আরও পড়ুন

- সাবেক ৩ গভর্নর ও ৬ ডেপুটি গভর্নরের ব্যাংক হিসাব তলব
- ১০০ টাকার নতুন নোট আসছে মঙ্গলবার


রিসার্চ অ্যান্ড পলিসি ইন্টিগ্রেশন ফর ডেভেলপমেন্টের (র‍্যাপিড) চেয়ারম্যান মোহাম্মদ আব্দুর রাজ্জাক বলেন, এফটিএ নিয়ে আমাদের কোনো পলিসি নেই। কোথায় আমরা চুক্তি করবো, কোথায় যাবো না সেটা স্পষ্ট নয়। অনেক ক্ষেত্রে এফটিএ সরকারের রাজস্ব কমায়, সেটাও ভেবে দেখতে হবে।

আলোচনা সভায় আরও বক্তব্য দেন পলিসি এক্সচেঞ্জ বাংলাদেশের চেয়ারম্যান ড. মাশরুর রিয়াজ, ট্যারিফ কমিশনের সাবেক সদস্য ড. মোস্তফা আবিদ খান, মেট্রোপলিটন চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রির (এমসিসিআই) সভাপতি কামরান তানভিরুর রহমান প্রমুখ।

কে

মুক্ত বাণিজ্য

দেশ টেলিভিশন লিমিটেড, কর্ণফুলী মিডিয়া পয়েন্ট, ৪২, শহীদ সাংবাদিক সেলিনা পারভীন সড়ক, মালিবাগ, ঢাকা-১২১৭, বাংলাদেশ।

টেলিফোন: +৮৮ (০২) ৮৩৩২৯৫৮, ৮৩৩২৯২২ ফ্যাক্স: +৮৮ (০২) ৮৩৩২৯৮১ মেইল: digital@desh.tv

© দেশ টেলিভিশন লিমিটেড ২০০৮ - ২০২৫ | এই ওয়েবসাইটের কোনো লেখা, ছবি, ভিডিও অনুমতি ছাড়া ব্যবহার বেআইনি।